১২২৯০০
প্রাঃ শিঃ

দৈনিক বাংলা

তারিখ ... 1.2 NOV-1992 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

~~157~~
18

# প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে জবাবদিহিমূলক করার আহ্বান

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচী বাস্তবায়নে পাঁচ-দফা সুপারিশ করেছেন। গৃহীত কর্মসূচীর সফল বাস্তবায়নে এসব সুপারিশ বিশেষ সহায়ক হবে বলে সমিতির সভাপতি মোহাম্মদ ফজলুর রহমান এক বিবৃতিতে জানিয়েছেন।

সুপারিশ মালায় প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচীকে জবাবদিহিমূলক করার কথা বলা হয়েছে। এ খাতের জন্য বাজেটে বরাদ্দকৃত অর্থ সমিতির সমন্বয়ে সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে বিতরণ করতে হবে। প্রাথমিক শিক্ষকদের নিয়োগ, বদলী, শাস্তি বহিরাগত ব্যক্তিদের নিয়ন্ত্রণমুক্ত করে বিভাগীয় নিয়ন্ত্রণে এনে শিক্ষকদের চাকুরির নিশ্চয়তা দিতে হবে। প্রাথমিক শিক্ষা সংক্রান্ত সকল পর্যায়ের কমিটিতে সমিতির প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে। প্রাথমিক শিক্ষক সমিতির ২৫ দফা দাবী জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে।

সমিতির সভাপতি জনাব রহমান এসব সুপারিশ করে বলেন, ইতিপূর্বে বহুবার প্রাথমিক শিক্ষার প্রসার ও মানোন্নয়নে কর্মসূচী গ্রহণ করা হয়েছে।